ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৮৩২

অমরপুর, ১২ সেপ্টেম্বর, ২০২৫

**অমরপুর ব্লক কার্যালয়ে দিব্যাঙ্গ শিবির অনুষ্ঠিত**

অমরপুর ব্লকের উদ্যোগে আজ অমরপুর ব্লক কার্যালয়ের প্রাঙ্গণে এক দিনের দিব্যাঙ্গ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন বিধায়ক রঞ্জিত দাস। তিনি বলেন, একে অপরের সাহায্য ও সহযোগিতা ছাড়া মানুষ বাঁচতে পারেনা। দিব্যাঙ্গরা সমাজের বোঝা নয়, অবহেলিত নয়। রাজ্য সরকার দিব্যাঙ্গজনদের পাশে রয়েছে। দিব্যাঙ্গজনদের সাহায্য করার জন্য অঙ্গনওয়াড়ি কেন্দ্র, গ্রাম পঞ্চায়েত কার্যালয় রয়েছে। অনুষ্ঠানে অমরপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুচিত্রা দাস, অমরপুর বিএসি'র চেয়ারম্যান রবিত্র জমাতিয়া, পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান শঙ্করানন্দ সাহা, মহকুমা শাসক অনুপম চক্রবর্তী, মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডা. প্রসেনজিৎ সরকার, অমরপুরের বিডিও উৎপল দাস প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে অমরপুর ব্লক থেকে পূর্ব সরবং ভিলেজের সাকহাম স্বসহায়ক দলকে পঞ্চাশ হাজার টাকা আর্থিক সাহায্য দেওয়া হয়। স্বাস্থ্য দপ্তর থেকে চারটি হুইল চেয়ার ও দুটি শ্রবণ যন্ত্র বিনামূল্যে দিব্যাঙ্গজনের হাতে তুলে দেওয়া হয়। শিবিরে মহকুমা প্রশাসন থেকে ১২টি এসটি, ১৭টি পিআরটিসি, ৭টি জন্মের সার্টিফিকেটের দরখাস্ত গ্রহণ করা হয়। শিবিরে ব্লক এলাকার ২২টি ভিলেজ ও ১০টি গ্রাম পঞ্চায়েতের দিব্যাঙ্গজন অংশ গ্রহণ করেন।

******